48

আজকের কাগজ

তারিখ ... ৭-৯-৯১
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫

৭

ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাইদের সভায় বক্তারা

# সরকারের দুর্বলতার কারণে শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ হচ্ছে না

**কাগজ প্রতিবেদক :** ডঃ এম ইন্নাস আলী বলেছেন, দেশের শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে সরকারের দুর্বলতা রয়েছে। কারণ সরকার যদি সন্ত্রাস দমন করতে চায় তাহলে হয়তো দেখা যাবে সরকারের অস্তিত্বই শেষ পর্যন্ত বিপন্ন হতে চলেছে। গতকাল শুক্রবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন আয়োজিত 'ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস দমন এবং শিক্ষার পরিবেশ উন্নয়ন' শীর্ষক এক আলোচনা সভায় তিনি সভাপতি হিসেবে বক্তৃতা করছিলেন। অন্যদের মধ্যে আলোচনা করেন ডঃ জিল্লুর রহমান সিদ্দিকী, আজিজুল হক, ডঃ বাতেন খান, মিসেস নুরজাহান মোর্শেদ এবং আ.ফ.ম শফীউল্লাহ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ডঃ ইন্নাস আলী বলেন, সরকার এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের অভ্যন্তরীণ দুর্বলতা ও বাইরের স্বার্থান্বেষী মহলের আগ্রাসনী তৎপরতা যদি বন্ধ করা না যায়, তাহলে বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস বন্ধ করা সম্ভব হবে না।

তিনি বলেন, কিভাবে সন্ত্রাস দমন করা যাবে, সে সম্পর্কে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের পরিকল্পনা প্রণয়ন করা উচিৎ।

ডঃ জিল্লুর রহমান সিদ্দিকী বলেন, ছাত্র বয়েসেই যদি ছাত্র-রাজনীতির সময় শেষ করা যায় তাহলে বিশ্ববিদ্যালয় সন্ত্রাস পরিস্থিতির কিছু গুণগত পরিবর্তন ঘটতে পারে।

তিনি বলেন, বিভিন্ন শিক্ষাঙ্গনে যারা ছাত্র-রাজনীতির নেতৃত্ব দিচ্ছে তারা কেউই ছাত্র নয়। নেতৃত্ব ধরে রাখার জন্যেই তারা একটি বিষয়ে ডিগ্রী নিয়ে আরেকটি বিষয়ে ভর্তি হচ্ছে। এসব ছাত্র নামধারীদের পক্ষেই সম্ভব দীর্ঘ সময় বিশ্ববিদ্যালয়ে অবস্থান করা। সাধারণ ছাত্ররা পড়তে চায়। শিক্ষকরাও পড়াতে চান। কিন্তু তারা আজ পরিস্থিতির শিকার।

জনাব আজিজুল হক বলেন, বর্তমান রাজনৈতিক ও সামাজিক জীবনে ছাত্রদের অপ্রতিরোধ্য প্রাধান্য রয়েছে।

ডঃ বাতেন খান বলেন, বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস ছড়াতে ছড়াতে স্কুলপর্যায়ে গিয়ে ঠেকেছে। তাদের পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের আন্দোলনই তার প্রমাণ।